গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আইন শাখা
www.mole.gov.bd

নং ৪০.০০.০০০০.০১৫.১১.০০১.২০ (পার্ট-২)- **২৬৩**

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩৩ / ১৫ অক্টোবর ২০২৬

প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের স্বার্থ-সংশ্লিষ্ট বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগ, প্রশাসনিক ট্রাইব্যুনাল/আপীল ট্রাইব্যুনালসহ দেশের অন্যান্য আদালতে মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতার জন্য ০২ (দুই) জন প্যানেল আইনজীবী তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী আইনজীবীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আবেদন আহ্বান করা যাচ্ছে:

শর্তাবলি:

১। প্যানেল আইনজীবীগণ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থাসমূহের পক্ষে/বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করবেন এবং চুক্তির শর্ত অনুসারে সরকার কর্তৃক অনুমোদিত হারে শুধুমাত্র মামলা পরিচালনা/অর্পিত দায়িত্ব পালনের জন্য ফি/সম্মানী/খরচ প্রাপ্য হবেন, তবে নিয়মিতভাবে কোনো দৈনিক/সাপ্তাহিক/মাসিক/বার্ষিক বেতন বা ভাতা প্রাপ্য হবেন না। ফি/সম্মানী/খরচ হতে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে;

২। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের স্বার্থ আছে এমন মামলা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করা যাবে না;

৩। প্রতিদ্বন্দ্বিতার দায়িত্বপ্রাপ্ত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে নির্ধারিত তারিখের মধ্যে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর দাখিল করতে হবে;

৪। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিপক্ষে রায়/আদেশ হলে জরুরি ভিত্তিতে পরবর্তী করণীয় বিষয়ে লিখিতভাবে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর অবহিত করতে হবে। এছাড়াও TOR (Terms of Reference) অনুযায়ী অন্যান্য কার্যাদি সম্পন্ন করতে হবে;

৫। আবেদনকারী অন্য কোনো সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের আইনজীবী হিসেবে তালিকাভুক্ত থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে;

৬। হাইকোর্ট বিভাগে অ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আপিল বিভাগে মামলা পরিচালনার অনুমতি থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। DAG/AAG হিসেবে অভিজ্ঞতা থাকলে বিজ্ঞ এ্যাটর্নি জেনারেল-এর দপ্তর থেকে প্রদত্ত অভিজ্ঞতার সনদ আবেদনে সংযুক্ত করতে হবে;

৭। প্যানেল আইনজীবীগণের সাথে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের চুক্তির মেয়াদ হবে ০৩ (তিন) বছর;

৮। প্যানেলভুক্ত আইনজীবী দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে ৬০ (ষাট) দিন পূর্বে লিখিতভাবে অবহিত করতে হবে;

৯। কোনো প্যানেল আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিত তাঁকে প্যানেল বহির্ভূত রাখার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

১০। নিয়োগের শর্তাবলি চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে;

১১। আবেদনকারীর বয়স আবেদনের শেষ তারিখে ৬০ (ষাট) বছরের মধ্যে হতে হবে। তবে অবসরপ্রাপ্ত জেলা জজ, বিচারপতি ও সিনিয়র আইনজীবীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য;

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন অথবা আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৩। আইনজীবী নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আবেদনের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্রাদি দাখিল করতে হবে

১। আবেদনকারীর নাম, পিতা ও মাতার নাম, প্রযোজ্য ক্ষেত্রে স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর, ফোন নম্বর, ইমেইল অ্যাড্রেস, কর্মস্থল/চেম্বারের ঠিকানা, জন্ম তারিখ, বয়স ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দিতে হবে;

২। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর আবেদন দাখিল করতে হবে;

৩। আবেদনকারীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে;

৪। আবেদনপত্রের সঙ্গে **(১)** সদ্য তোলা ২ (দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, **(২)** জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, **(৩)** শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, **(৪)** বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত সকল পেশাগত সনদের সত্যায়িত কপি, **(৫)** অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি এবং **(৬)** হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগের তালিকাভুক্তির সনদপত্রসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;

৫। ১৫ নভেম্বর, ২০২৬ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে সরাসরি/ডাকযোগে নিম্নের ঠিকানায় আবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।
আবেদনের ঠিকানাঃ সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃঃ আঃ যুগ্মসচিব, আইন অধিশাখা, কক্ষ নং ৫৩২]

১৫/১০/২০২৬

(রামকৃষ্ণ বর্মন)
সিনিয়র সহকারী সচিব
ও
সদস্য সচিব, প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি

CamScanner